

১১ নং শাহবাজপুর ইউনিয়ন পরিষদ

উপজেলা-জামালপুর সদর, জেলা-জামালপুর।

বিষয়: শাহবাজপুর ইউনিয়ন উন্নয়ন সমন্বয় কমিটির জুলাই/২০২০ মাসের সভার কার্যবিবরণী।
সভাপতি: মোঃ আয়ুব আলী খান
সভার স্থান: ইউনিয়ন পরিষদ কার্যালয়
সময়: বেলা. ১২ ঘটিকা

পদবী-ইউপি চেয়ারম্যান

তারিখ: ১০-০৭-২০২০ ইং

(সভায় উপস্থিত সদস্যদের স্বাক্ষর সংযুক্ত)

সভাপতি উপস্থিত সদস্যদের স্বগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পর্যালোচনা পূর্বক কোনরূপ সংশোধন না থাকায় উহা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা/পর্যালোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১.	ইউনিয়ন পরিষদ	চেয়ারম্যান সাহেব তার ইউনিয়ন পরিষদের সামগ্রিক কর্মকাণ্ডের বিবরণ দেন। বসন্তবাড়ীর উপর হোল্ডিং কর আদায়ের লক্ষে এ্যাসেসম্যান তৈরী করা হয়েছে বলে জানান। তিনি এ ব্যাপারে সকলের সহযোগিতা কামনা করেন।	সকল সেবা প্রদানকারী সংগঠন ও ইউনিয়নের জনগনকে কর প্রদানে উদ্বুদ্ধ করার ব্যবস্থা গ্রহন করা হবে।	ইউনিয়ন পরিষদ
০২.	এলজিডি	স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের কমিউনিটি অর্গানাইজার জানান যে, আরএমপি মহিলা শ্রমিকগণ নিয়মিতভাবে গ্রামীণ রাস্তাসমূহের মেরামত কাজ সম্পন্ন করার মাধ্যমে যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন অব্যাহত আছে।	গ্রামীণ রাস্তা সমূহের মেরামত কাজ সম্পন্ন করার মাধ্যমে যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন ঘটাতে হবে।	এলজিডি ও ইউপি
০৩.	কৃষি বিভাগ	সভায় উপস্থিত উপ-সহকারী কৃষি কর্মকর্তা মোঃ সাত্তার জানান বর্তমানে শাহবাজপুর ইউনিয়নে এ বিভাগে কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। আমন ধানের চারা রোপন কার্যক্রম চলমান। এর সফল যাতে কৃষকেরা পায় সে জন্য এ দিকে লক্ষ্য রাখা প্রয়োজন।	সার ডিলারদের বিক্রম কার্যক্রম মনিটরিং করতে হবে।	ইউনিয়ন পরিষদ
০৪.	আনসার ও ডিডিপি	আনসার ডিডিপি দলনেতা জানান তার কাজ সুষ্ঠুভাবে চলছে। বর্তমানে কোন প্রশিক্ষনের ব্যবস্থা নেই। ইউনিয়নের আইন শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে।	ইউপির সংগে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করতে হবে।	আনসার ডিডিপি দলনেতা ও ইউপি
০৫.	সমাজসেবা অফিস	ইউনিয়ন সমাজকর্মী জানান প্রত্যেক ইউপিতে প্রতিবন্ধিতা জরিপ চলছে। যাতে সকল প্রতিবন্ধি জরিপের আওতায় আসে এ ব্যাপারে সহযোগিতা কামনা করেন।	ইউপি সদস্য, গ্রামপুলিশ ও উপস্থিত সকলকে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হয়।	ইউপি সদস্য, গ্রামপুলিশ ও সংশ্লিষ্ট সকল।
০৬.	জনস্বাস্থ্য অফিস	উপ-সহকারী প্রকৌশলী সভায় জানান যে, এলজিএসপি হতে নলকূপ ও ল্যাট্রিন প্রদান করা হয়ে থাকে। এ ব্যাপারে জনস্বাস্থ্য অফিসের সাথে সমন্বয় করা হলে দ্বৈততা পরিহার করা যায়।	জনস্বাস্থ্য অফিসের সাথে সমন্বয় করা হবে।	জনস্বাস্থ্য অফিস ও ইউপি
০৭.	স্বাস্থ্য বিভাগ	সভায় উপস্থিত উপ-সহকারী কমিউনিটি স্বাস্থ্য কর্মকর্তা বলেন যে, তার অফিসে কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই। ভবিষ্যৎ কার্যক্রম সঠিকভাবে চালানোর জন্য ইউপির সহযোগিতা কামনা করেন।	কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ইউপির সংগে সমন্বয় করা হবে।	উপ-সহকারী কমিউনিটি স্বাস্থ্য কর্মকর্তা ও ইউপি
০৮.	বিআরডিবি অফিস	বিআরডিবি প্রতিনিধি জানান যে, তার বিভাগের কার্যক্রম ঠিকমত চলছে। ভবিষ্যৎ কার্যক্রম সঠিকভাবে চালানোর জন্য ইউপির সহযোগিতা কামনা করেন।	কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ইউপির সংগে সমন্বয় করা হবে।	বিআরডিবি অফিস ও ইউপি
০৯.	স্থায়ী অফিস	সভাপতি শিক্ষা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক স্থায়ী কমিটি জানান যে, কয়েকটি কমিউনিটি ক্লিনিক পরিদর্শন করে দেখা যায় যে, ক্লিনিকের প্রয়োজনীয় যন্ত্রপাতি সল্পতা পরিলক্ষিত হয় এবং সিটিজেন চার্টার নেই। বিদ্যালয়ের নলকূপ নষ্ট ও ছাত্র/ছাত্রীদের বসার বেঞ্চ সল্পতা পরিলক্ষিত হয়।	এ ব্যাপারে উপজেলা সমন্বয় কমিটিতে বিষয়টি আলোচনার জন্য চেয়ারম্যান সাহেব কে অনুরোধ করা হলো।	ইউপি স্থায়ী কমিটি, কমিউনিটি ক্লিনিক কর্তৃপক্ষ।
১০.	কাজী	সভায় উপস্থিত নিকাহ রেজিস্টার জনাব কাজী মোঃ মুজ্জার হোসেন জানান যে, এ ইউনিয়নের তার কার্যক্রম ঠিকমত চলছে। তিনি বাল্য বিবাহ বন্ধের জন্য ইউনিয়ন পরিষদের সক্রিয় সহযোগিতা কামনা করেন।	কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ইউপি সহযোগিতা করবে।	সংশ্লিষ্ট কাজী ও ইউপি
১১.	তথ্য ও সেবা কেন্দ্র	সভায় উপস্থিত তথ্য ও সেবা কেন্দ্রের উদ্যোক্তা মোঃ ছানোয়ার হোসেন বলেন যে, তথ্য ও সেবা কেন্দ্রের কার্যক্রম ভালভাবে চলছে। তিনি সেবা প্রদান কার্যক্রম আরোও উন্নয়নের জন্য ইউপির সহযোগিতা কামনা করেন।	কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ইউপি সহযোগিতা করবে।	উদ্যোক্তা ও ইউপি
১২.	এনজিও প্রতিনিধি	সভায় আইসেপিপি(যন্ত্র প্রকল্প) প্রতিনিধি উপস্থিত থেকে জানান যে, তাহারা শিশুদের নিয়ে কাজ করে। ১০-৫ বছর বয়সের শিশুদের ভাতা দিয়ে থাকে। শাহবাজপুর ইউনিয়নে ১৩৪৩টি মত শিশুকে ভাতা	এনজিও কার্যক্রম নিয়মিত ইউপিকে অবহিত করতে হবে।	সংশ্লিষ্ট এনজিও

		ভোগীর আওতায় আনা হবে উন্নয়ন সংঘের প্রতিনিধি জ্ঞানান যে এই প্রকল্পের আওতায় স্থানীয় সরকার শক্তিশালী করনে পাশাপাশি স্বচ্ছ অংশগ্রহণ মূলক জনপ্রশাসন উন্নয়নে নারীর অংশগ্রহণ বৃদ্ধি এবং তাদের ক্ষমতায়নের ব্যাপারে কাজ করা হয়। এই প্রকল্প স্থায়ী কমিটি নিয়ে কাজ করে।	
--	--	---	--

অতপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সদস্যদেরকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার কার্য সমাপ্ত ঘোষণা করেন।

আম
10-7-2020
মোঃ আম্বাব আল খান
চেয়ারম্যান/সভাপতি
১১নং শাহবাজপুর ইউনিয়ন পরিষদ
জামালপুর সদর, জামালপুর।